**MARKING SCHEME**

**SR. SECONDARY SCHOOL CERTIFICATE EXAMINATION: 2025**

**SUBJECT: BENGALI (105)** **CLASS- XII** **SET: 4**

**SERIES: X4YZW** **QP CODE: 5**

**সময়: ৩ ঘন্টা** **সর্বমোট অঙ্ক: ৮০**

**TIME: 3 HOURS** **MAXIMUM MARKS: 80**

## উত্তরপত্র মূল্যায়ন সংক্রান্ত বিশেষ নির্দেশাবলী

1. আপনারা অবগত আছেন যে মূল্যায়ন হলো প্রকৃত ও সঠিক মান নির্ণয়ের সবচেয়ে গুরুত্বপূর্ণ এবং সঠিক পদ্ধতি। পরীক্ষার্থীর মূল্যায়নের ক্ষেত্রে কোনও সামান্য ত্রুটি গুরুতর সমস্যার সৃষ্টি করতে পারে যা পরীক্ষার্থীদের ভবিষ্যৎ তথা শিক্ষাব্যবস্থা এবং শিক্ষকতাকে প্রভাবিত করতে পারে। মূল্যায়ন শুরু করার আগে প্রত্যেককে অতি অবশ্যই spot checking সংক্রান্ত নির্দেশিকাগুলি মনোযোগ সহকারে পড়তে এবং বুঝতে অনুরোধ করা হচ্ছে।
2. মূল্যায়ন পদ্ধতি সংক্রান্ত নীতিটি একান্ত গোপনীয় কারণ এটি পরীক্ষা পদ্ধতির গোপনীয়তা, মূল্যায়ন এবং আরো অন্যান্য বিষয়ের সঙ্গে সম্পর্কযুক্ত। কোনও ভাবে জনসাধারণের কাছে এটি প্রকাশিত হয়ে পড়লে তা পরীক্ষা ব্যবস্থার মূল উদ্দেশ্যকে ব্যাহত করবে এবং লক্ষ লক্ষ পরীক্ষার্থীর জীবন ও ভবিষ্যৎ এতে প্রভাবিত হবে। এই সংক্রান্ত নীতি বা তথ্য, কোনও পত্রিকায়/সংবাদপত্রে/ ওয়েবসাইটে প্রকাশিত হলে বোর্ড এবং IPC–এর অধীনে বিবিধ পদক্ষেপ গ্রহণ করা হতে পারে ।
3. মূল্যায়ন প্রকল্পে (Marking Scheme) প্রদত্ত নির্দেশাবলী অনুসরণে মূল্যায়ন বাঞ্ছনীয়। এটি কারোর নিজস্ব বিচার-বিশ্লেষণ দ্বারা চালিত হওয়া উচিত নয়। মূল্যায়ন প্রকল্প কঠোর এবং নিয়মনিষ্ঠ ভাবে অনুসরণ করতে হবে। তবে সাম্প্রতিক তথ্য, জ্ঞান বা উদ্ভাবনী ক্ষমতার উপর ভিত্তি করে পরিবেশিত উত্তরগুলি তার যাথার্থ্য অনুসারে মূল্যায়িত হবে এবং এক্ষেত্রে তাতে উপযুক্ত নম্বর দেওয়া হবে। দ্বাদশ শ্রেণীতে দক্ষতা ভিত্তিক প্রশ্নের উত্তর মূল্যায়নের ক্ষেত্রে অনুগ্রহ করে প্রদত্ত উত্তরটি বোঝার চেষ্টা করতে হবে এবং উত্তরটি যদি মূল্যায়ন প্রকল্প অনুসারী নাও হয় তার যাথার্থ্য অনুসারে সেটির উপযুক্ত মূল্যায়ন করতে হবে।
4. উপস্থিত মূল্যায়ন প্রকল্পে (Marking Scheme) উত্তর সমূহের মানবিন্দুই (Value-Point) প্রস্তাবিত হয়েছে মাত্র। এই value-point-গুলিকে পূর্ণাঙ্গ উত্তর হিসেবে নয়- প্রত্যাশিত উত্তরের দিগ্‌দিশারী (Guidelines) হিসেবেই গণ্য করা যায়। পরীক্ষার্থী নিজের ভাষায় অর্থাৎ নিজের মতো করে উত্তর দিতে পারে এবং সেই উত্তর নিতান্ত ভুল না হলে তাতে যথোচিত নম্বর দিতে হবে।

5. মূল্যায়ন প্রকল্পে প্রদত্ত নির্দেশাবলী অনুযায়ী যথাযথ মূল্যায়ন হয়েছে কি না সেটি সুনিশ্চিত করতে প্রধান পরীক্ষক অবশ্যই প্রথম দিন প্রত্যেক পরীক্ষকের প্রথম পাঁচটি উত্তরপত্র ভালো ভাবে দেখে নেবেন। যদি কোনো মতপার্থক্য থাকে তাহলে আলোচনার মাধ্যমে তা দূর করে সহমত হতে হবে। প্রত্যেক পরীক্ষকের মূল্যায়িত উত্তরপত্রের মূল্যায়ন পদ্ধতিতে কোনো ভিন্নতা নেই- এই বিষয়টি সুনিশ্চিত করার পরই অবশিষ্ট উত্তরপত্র মূল্যায়ন করতে দেওয়া হবে।
6. পরীক্ষক সঠিক উত্তরে ( √ ) চিহ্ন দেবেন। ভুল উত্তরে ( X ) চিহ্ন অঙ্কিত করা হবে। পরীক্ষক উত্তরপত্রে এমন কোনো (√ / X ) চিহ্ন দেবেন না যাতে এই ধারণা হয় যে উত্তরটি সঠিক অথচ তা মূল্যায়িত হয়নি। **এই সাধারণ ভুলটি পরীক্ষকরা প্রায়শই করে থাকেন।**
7. কোনও প্রশ্ন একাধিক অংশে বিভক্ত থাকলে, প্রতিটি অংশের ডানদিকে সেই অংশের প্রাপ্ত নম্বর লিখতে হবে। তারপর সবক'টি অংশের নম্বর যোগ করে সেই উত্তরটিতে প্রাপ্ত মোট নম্বর বাঁ-দিকের শেষ প্রান্তে লিখে গোল দাগে ঘিরে দিতে হবে। নম্বর উল্লেখের এই নিয়মটি অবশ্যমান্য।
8. যদি কোনও প্রশ্নের বিভাগ না থাকে -- সেগুলির প্রাপ্ত নম্বর বাঁ-দিকের প্রান্তে একবারই লিখে গোল দাগে ঘিরে দিতে হবে। নম্বর উল্লেখের এই নিয়মটি কঠোর ভাবে অনুসরণ যোগ্য।
9. পরীক্ষার্থী প্রয়োজনের অতিরিক্ত প্রশ্নের উত্তর লিখলে, অপেক্ষাকৃত বেশি নম্বর পেতে পারে তেমন উত্তরটিকে রেখে অপেক্ষাকৃত কম নম্বর প্রাপ্ত উত্তরটির ক্ষেত্রে **"অতিরিক্ত উত্তর"** (Extra Question) বলে লিখে দিতে হবে।
10. উত্তরে কোনও ভুলের পুনরাবৃত্তি হলে তার জন্য মাত্র একবারই নম্বর কাটা হবে। একই ভুলের জন্য একাধিক বার নম্বর কাটা যাবে না।
11. প্রশ্নপত্রে প্রদত্ত পূর্ণমানের কাঠামোটি ___( উদাহরণ স্বরূপ : 0-80/70/60/50/40/30) যথাযথভাবে অনুসরণ করতে হবে। উত্তরের যাথার্থ্য অনুসারে পূর্ণমান প্রদান করতে পরীক্ষক দ্বিধাগ্রস্ত হবেন না।
12. প্রত্যেক পরীক্ষককে অবশ্যই পূর্ণ সময়ের জন্য অর্থাৎ প্রতিদিন আট (৮) ঘন্টা মূল্যায়ন কার্য করতে হবে এবং প্রধান বিষয় হলে ২০টি এবং অন্যান্য বিষয় হলে ২৫টি করে উত্তরপত্র (প্রতিদিন) মূল্যায়ন করতে হবে। ( Spot Guidelines বা ক্ষেত্রীয় নির্দেশিকায় এ বিষয়ে বিস্তারিত নির্দেশ থাকবে)। প্রশ্নপত্রে পাঠ্যসূচী ও প্রশ্নের সংখ্যা কমে যাওয়ায় এই সিদ্ধান্ত।
13. পরীক্ষকের দ্বারা নিম্নলিখিত ত্রুটিগুলি হচ্ছে কিনা সে ব্যাপারে নিশ্চিত হতে হবে :
    - প্রদত্ত কোনও উত্তর বা উত্তরের কোনও অংশ মূল্যায়ন না ক'রে ছেড়ে দেওয়া।
    - প্রদত্ত মানের থেকে অতিরিক্ত নম্বর প্রদান।
    - প্রাপ্ত নম্বরের যোগে ভুল করা ও সেই ভুল যোগফল জানানো।
    - উত্তরপত্রের ভিতরের পৃষ্ঠাগুলি থেকে সামনের নাম-পত্রে নম্বর তোলায় ভুল করা।

- নাম-পত্রে প্রশ্নানুসারী মোট প্রাপ্ত নম্বর ভুল লেখা।
- নাম-পত্রের দুটি পঙ্ক্তি বা স্তম্ভের (columns) নম্বর যোগে ভুল করা।
- সমগ্র যোগ বা Grand Total-এ ভুল করা।
- সংখ্যায় ও শব্দে প্রকাশিত নম্বরের অমিল।
- উত্তরপত্র থেকে অনলাইন (Online award list) নম্বর তোলায় ভুল।
- উত্তরটি সঠিক বলে চিহ্নিত করা হয়েছে অথচ মূল্যায়ন করা হয়নি। (সঠিক এবং স্পষ্ট ভাবে [√ ] চিহ্ন দেওয়া হয়েছে তা নিশ্চিতকরণ। ভুল উত্তরেও অনুরূপ ভাবে [X] চিহ্ন প্রদান। )
- কোনও একটি উত্তর আংশিক ভাবে শুদ্ধ বলে চিহ্নিতকরণ কিন্তু বাকি অংশ ভুল হিসেবে চিহ্নিত হওয়ার কারণে কোনও নম্বর প্রদান না করা।

14. উত্তর সম্পূর্ণ ভুল হলে মূল্যায়নের সময় সেই ভুল উত্তরের উপর (X) চিহ্ন অঙ্কিত করতে হবে এবং সেই উত্তরের জন্য যথাস্থানে “0” (Zero) নম্বর চিহ্নিত করতে হবে।
15. অমূল্যায়িত অংশ, প্রথম পৃষ্ঠায় নম্বর প্রদান না করা বা যোগফলে ভুল- এই বিষয়গুলি যদি কোনও পরীক্ষার্থীর দ্বারা চিহ্নিত করা হয় তবে তা মূল্যায়ন পদ্ধতির সঙ্গে সংশ্লিষ্ট বা বোর্ডের পক্ষে অসম্মানজনক। সুতরাং সংশ্লিষ্ট সকলের সম্মান রক্ষার্থে এই বিষয়টি আবার মনে করিয়ে দেওয়া হচ্ছে যে, নির্দেশাবলী যেন ন্যায়নিষ্ঠ ভাবে এবং বিচক্ষণতার সঙ্গে অনুসরণ করা হয়।
16. মূল্যায়ন কার্য শুরু করার আগে ক্ষেত্রীয় মূল্যায়ন (Spot Evaluation) সংক্রান্ত নির্দেশিকার সঙ্গে পরীক্ষকদের বিশেষ ভাবে পরিচিত হওয়া প্রয়োজন।
17. প্রত্যেক পরীক্ষকেরই নিশ্চিত হওয়া উচিত – সব উত্তর মূল্যাঙ্কিত হয়েছে, প্রাপ্ত নম্বর সঠিক ভাবে নাম-পত্রে তোলা হয়েছে, নম্বরগুলির যোগে কোনও ভুল হয়নি এবং সেগুলি শব্দে ও সংখ্যায় নির্ভুলভাবে লেখা হয়েছে।
18. পরীক্ষার্থীরা আবেদনের দ্বারা নির্ধারিত প্রক্রিয়াকরণ অর্থমূল্য (Processing Fee) প্রদানের মাধ্যমে উত্তরপত্রের প্রতিলিপি পাবার অধিকারী। এই কারণে সমস্ত পরীক্ষক / অতিরিক্ত প্রধান পরীক্ষক / প্রধান পরীক্ষককে পুনরায় অবগত করা হচ্ছে যে তাঁরা যেন উত্তরপত্রের প্রতিটি উত্তর অব্যতিক্রমী রূপে Marking Scheme-এ প্রস্তাবিত Value Point অনুযায়ী মূল্যায়ন করা হয়েছে- সে ব্যাপারে অবশ্য সুনিশ্চিত থাকেন।

**MARKING SCHEME**

**SR. SECONDARY SCHOOL CERTIFICATE EXAMINATION: 2025**

**SUBJECT: BENGALI (105)** **CLASS-XII** **SET – 4**

**SERIES: X4YZW** **QP CODE: 5**

**সময়: ৩ ঘন্টা** **সর্বমোট অঙ্ক: ৮০**

**TIME: 3 HOURS** **MAXIMUM MARKS: 80**

| | |
|---|---|
| প্রশ্নপত্র দুটি ভাগে বিভক্ত– | |
| PART - A -এর বস্তুনিষ্ঠ শ্রেণির প্রশ্ন (MCQ) | : 25 নম্বর |
| PART - B -এর বর্ণনামূলক প্রশ্ন (Descriptive) | : 55 নম্বর |
| **PART – A -তে তিনটি section বর্তমান** | |
| Section- A : পঠন (অপঠিত গদ্যের বোধ পরীক্ষণ) | : 10 নম্বর |
| Section - B : ব্যাকরণ | : 05 নম্বর |
| Section - C : মূল পাঠ্যপুস্তক | : 10 নম্বর |
| **PART – B -তে তিনটি section বর্তমান** | |
| Section - A : ব্যাকরণ | : 08 নম্বর |
| Section - B : সহায়ক পাঠ / অ-বিস্তারিত পাঠ্য | : 35 নম্বর |
| Section - C : সৃজনমূলক লিখন | : 12 নম্বর |

**MARKING SCHEME**
**SR. SECONDARY SCHOOL CERTIFICATE EXAMINATION: 2025**
**SUBJECT : BENGALI (105) ClASS XII SET – 4**
**SERIES: X4YZW QP CODE : 5**
**সময়: ৩ ঘন্টা সর্বমোট অঙ্ক: ৮০**
**TIME : 3 HOURS MAXIMUM MARKS : 80**

PART A : Objective Type Paper (MCQ)

| Q.No. | Expected Answers / Value Points | | Distribution of Marks |
|---|---|---|---|
| | **Section A (Reading) (Unseen Comprehension)** | | |
| Q.1. | প্রদত্ত দুটি অনুচ্ছেদ থেকে নির্বাচন মূলক প্রশ্ন (MCQ) | | |
| Q.1.A. | I.(B) | চার ঘণ্টা পরে রাজাভাতখাওয়াতে | 1x5=5 |
| | II.(A) | ব্রিটিশ শাসিত ভারতের স্বাধীনতা যোদ্ধাদের | |
| | III.(C) | তীব্র ক্ষোভ | |
| | IV.(B) | মন্তব্য (ক) ভুল, কিন্তু মন্তব্য (খ) ঠিক | |
| | V.(C) | পাইলাম | |
| Q.1.B. | I.(D) | আর্টের প্রতি আমাদের আকর্ষণের কারণ বিশ্লেষণ | 1x5=5 |
| | II.(C) | মন্তব্য (ক) এবং (খ) দুটোই ঠিক | |
| | III.(B) | গ্রামকে ভালোবাসি বলে | |
| | IV.(B) | গ্রামের লোকেরা তাঁদের মতো অসাধারণ চরিত্র নয় | |
| | V.(A) | অনুরাগ | |
| Q.No. | Expected Answers / Value Points | | Distribution of Marks |
| | **Section B (Grammar)** | | |
| Q.2. | বাগধারা / প্রবাদ- নির্বাচন মূলক প্রশ্ন (MCQ) (যে কোনো পাঁচটি) | | |
| Q.2. | I.(C) | গড্ডলিকা প্রবাহে গা ভাসালে জীবনে উন্নতি হবে না | 1x5=5 |
| | II.(A) | ক্লাসের দুষ্টু ছেলেদের সঙ্গে সে এঁটে ওঠেনা, তাই ছোটোদের ওপর হম্বিতম্বি করে, একেই বলে শক্তের ভক্ত নরমের যম | |
| | III.(B) | প্রায় সম্পন্ন কাজ পণ্ড করা | |
| | IV.(B) | তাসের ঘর | |
| | V.(A) | প্রচ্ছন্ন প্রতিভা | |
| | VI.(C) | তুমি তো দেখছি অমাবস্যার চাঁদ, আজকাল একেবারেই নাগালে পাওয়া যায় না | |
| | VII.(D) | সুখের পায়রা | |
| | VIII.(A) | পুনরায় আরম্ভ করা | |

| Q.No. | Expected Answers / Value Points | | Distribution of Marks |
|---|---|---|---|
| | **Section C (Main Course Book)** | | |
| Q.3. | পাঠ্য নাটক থেকে নির্বাচনমূলক প্রশ্ন (MCQ) (যে কোনো পাঁচটি) | | |
| Q.3. | I.(D) | রিজিয়া | 1x5=5 |
| | II.(A) | সুজা | |
| | III.(A) | কারণ (ক) ঠিক, (খ) ভুল | |
| | IV.(B) | অল্পবয়সী রজনীকান্ত যেমন দুর্দান্ত অভিনয় করতেন, বার্ধক্যে পৌঁছেও তিনি সেই একই রকম অভিনয় করেন | |
| | V.(D) | রজনীকান্তের ভয়ংকর একাকীত্ব | |
| | VI.(C) | অভিমানের দিক | |

| Q.No. | Expected Answers / Value Points | | Distribution of Marks |
|---|---|---|---|
| | পাঠ্য সহায়ক পাঠ থেকে নির্বাচনমূলক প্রশ্ন (MCQ) (যে কোনো পাঁচটি) | | |
| Q.4. | I.(B) | আসানসোল স্টেশনের সার্চলাইট | 1x5=5 |
| | II.(A) | (ক) ঠিক, (খ) ভুল | |
| | III.(C) | নানা ছলনায় নানা ধরনের খাজনা | |
| | IV.(B) | জমিদারের পাইক বরকন্দাজ সব ফসল তুলে নিয়ে যায় | |
| | V.(A) | বক্সা জেলখানায় চোর ও পকেটমার হিসেবে বন্দি শিশুরা | |
| | VI.(A) | বাংলা হিন্দি মিশানো পাঁচমিশালি ভাষায় | |

## PART- B (Descriptive Paper)

| Q.No. | Expected Answers / Value Points | | Distribution of Marks |
|---|---|---|---|
| | **Section- A (Grammar)** | | |
| Q.5. | | ধ্বনিবিজ্ঞান থেকে যে কোনো একটির দুটি উদাহরণসহ সংজ্ঞাঃ<br>স্বরভক্তি অথবা অভিশ্রুতি অথবা অপিনিহিতি<br>• শুধু সংজ্ঞাটিকে ঠিক ভাবে লিখলে – [2 নম্বর]<br>• উৎস শব্দটিকে পাশে রেখে উদাহরণ দিলে অর্থাৎ উচ্চারণ পরিবর্তনের স্তর নির্দেশের চেষ্টা করলে প্রতিটি উদাহরণের জন্য [1 নম্বর]<br>যেমনঃ স্বরভক্তি- শক্তি > শকতি<br>অথবা<br>অভিশ্রুতি- বলিয়া > বইল্যা > বলে<br>অথবা<br>অপিনিহিতি- দেখিয়া > দেইখ্যা [1+1]<br>কিন্তু শুধুমাত্র সংশ্লিষ্ট রীতি প্রভাবিত শব্দটির উল্লেখ করলে প্রতিটির জন্যে- (0.5) নম্বর। | (2+2)x1=4 |

| Q.No. | Expected Answers / Value Points | | Distribution of Marks |
|---|---|---|---|
| | | | |
| Q.6. | | শব্দার্থতত্ত্বের প্রকারভেদে যে কোনো একটির দুটি উদাহরণসহ সংজ্ঞাঃ<br>শব্দার্থের সংকোচন অথবা শব্দার্থের উৎকর্ষ<br>• শুধু সংজ্ঞাটিকে ঠিক ভাবে লিখলে (2) নম্বর<br>• শব্দের মূল অর্থ ও পরিবর্তিত অর্থ উল্লেখ করে উদাহরণ দিলে প্রতিটি উদাহরণের জন্য (1) নম্বর। যেমন : শব্দার্থের সংকোচন<br>"অন্ন" – মূল অর্থ- "যে কোনো খাদ্য" পরিবর্তিত অর্থ- "ভাত"।<br>এখানে শব্দার্থের সংকোচন হয়েছে।<br>অথবা<br>শব্দার্থের উৎকর্ষ<br>"মার্জনা" – মূল অর্থ – "পরিষ্কার করা", পরিবর্তিত অর্থ- "ক্ষমা"।<br>এখানে শব্দার্থের উৎকর্ষ হয়েছে।<br>উদাহরণ হিসেবে কেবল শব্দটি উল্লেখ করলে (0.5) নম্বর।<br>প্রতিটি শব্দের সঙ্গে অর্থ লিখলে পুরো (1) নম্বর। | (2+2)x1=4 |

| Q.No. | | Expected Answers / Value Points | Distribution of Marks |
|---|---|---|---|
| | **Section-B (Supplementary Reader / Non-detailed Text)** | | |
| Q.7. | | উত্তর সংকেত :<br>গদ্য থেকে উদ্ধৃতি তুলে প্রশ্ন (অথবা যুক্ত)<br>"আসল বাদাটার আর খোঁজ করা হয় না উচ্ছবের"-<br>a) উচ্ছবের পরিচয়ঃ [2 নম্বর]<br>• মাতলা নদীর পার্শ্ববর্তী বাদা অঞ্চলের ভূমিহীন কৃষক—অন্যের জমিতে চাষ করে জীবন নির্বাহ করে।<br>• স্ত্রী-পুত্র-কন্যা নিয়ে উচ্ছবের অভাবের সংসার।<br>• প্রবল ঝড় আর মাতলার জলোচ্ছ্বাসে সর্বহারা অভুক্ত উচ্ছব ভাতের আশায় কোলকাতায় আসে।<br>• বাসিনীর সহায়তায় তার মনিবের বাড়িতে কাঠ কাটার কাজে নিয়োজিত হয় সে।<br>b) অনুসন্ধানের অসমাপ্ত বিষয়টির তাৎপর্যঃ<br>• সর্বহারা উচ্ছব জানতে পারে বড়বাড়ির অধিকৃত বাদায় নানাবিধ ধানের প্রাচুর্যের কথা ---- হরেক রকম সুগন্ধী চালের সমারোহে বিস্মিত উচ্ছব ভাতের গন্ধে আকুল হয়।<br>• বুড়োকর্তা মারা গেলে অশৌচবাড়ির সব খাবার ফেলে দেওয়া হবে শুনে পিতলের ডেকচি নিয়ে স্টেশন অভিমুখে প্রাণপণ দৌড়াতে থাকে।<br>• আগ্রাসী ক্ষুধার তাড়নায় হিংস্র কামটের মতো গোগ্রাসে ভাত খেতে থাকে ---- সেখানেই একসময় ওই ভাতের হাঁড়ি জাপটে ঘুমিয়ে পড়ে —--- সকালে লোকজন তাকে চোর অপবাদ দিয়ে মারতে মারতে থানায় নিয়ে যায়।<br>• বাদার ধানের সমবন্টন হলে হয়তো শ্রেণিবৈষম্য ঘুচতো--- আর্থসামাজিক অসামঞ্জস্যে বাদার প্রাচুর্যের সন্ধান চিরকালই সর্বহারা মানুষদের কাছে এভাবেই অধরা থেকে যায়। (এই মর্মে উত্তর প্রত্যাশিত)<br>অথবা<br>"শেষ রোদের আলোয় সে দূরের দিকে ক্রমশ আবছা হয়ে গেল"<br>a) 'সে'- তার পরিচয়<br>• সৈয়দ মুস্তাফা সিরাজ রচিত 'ভারতবর্ষ' গল্পে 'সে' বলতে থুত্থুরে, বয়সের ভারে ন্যুব্জ, অজ্ঞাতপরিচয়, রাক্ষুসি গোছের চেহারার এক ভিখারি বুড়ির কথা বলা হয়েছে।<br>• পরণে তার ছেঁড়া নোংরা কাপড়, গায়ে চিটচিটে তুলোর কম্বল, হাতে | 2+3=5 |

| | | | |
|---|---|---|---|
| | | বেঁটে লাঠি, শীর্ণ শরীর, একমাথা সাদা চুল, মুখে অজস্র বলিরেখায় সুদীর্ঘ আয়ুর চিহ্ন।<br>b) গল্পের শেষে তার গুরুত্বঃ<br>• পৌষের অকাল দুর্যোগে গ্রামের বটতলায় বুড়িকে মৃত ভেবে তার মৃত দেহের অধিকার নিয়ে হিন্দু-মুসলমান দুই সম্প্রদায়ের মানুষের মধ্যে শুরু হয় তীব্র বচসা ও বিবাদ।<br>• উন্মত্ত জনতার মাঝে বুড়ি হঠাৎ উঠে বসে ---- সকলে তার ধর্মীয় পরিচয় জানতে চাইলে ক্ষিপ্ত হয়ে ওঠে বুড়ি।<br>• বিবদমান, কুসংস্কারাচ্ছন্ন দু'পক্ষের মানুষকে তীক্ষ্ণ বাক্যবাণে বিদ্ধ ক'রে দিনান্তের ম্লান আলোর সঙ্গে দূরের পথে সে পা বাড়ায় — আবছা হয়ে যায় দূরের বলয়ে।<br>• পাঠ্য গল্পে সনাতন ভারতবর্ষের প্রতীক ওই বৃদ্ধা যখন দেখে মানবতা নয় বরং কৃত্রিম ধর্মীয় পরিচয়কেই সর্বস্ব বলে ধরে নিয়েছে মানুষ, তখনই সে ক্ষিপ্ত হয়ে ওঠে – প্রতিবাদ জানায়।<br>• ধর্মান্ধ মানুষের মোহনিদ্রা ভাঙিয়ে তাদের বিবেকবোধ ও শুভচেতনার উন্মেষ ঘটানোর জন্যই কুসংস্কারাচ্ছন্ন মানুষের হৃদয়ে মানবতার সুর সংযোজন ক'রে মিলিয়ে যায় দূরের বলয়ে – এখানেই তার গুরুত্ব।<br>(নিজের ভাষায় গুছিয়ে লিখতে পারলেই 2 থেকে 3 নম্বর পাবে) | |

| Q.No. | Expected Answers / Value Points | | Distribution of Marks |
|---|---|---|---|
| | | | |
| Q.8. | | উত্তর সংকেত :<br>"কিন্তু যারা না খেয়ে মরছে তাদের যদি এই স্বার্থপরতা থাকত"-<br>বক্তা কী বোঝাচ্ছেনঃ<br>• মানিক বন্দ্যোপাধ্যায়ের লেখা 'কে বাঁচায় কে বাঁচে' গল্পে বক্তা নিখিল।<br>• পঞ্চাশের মন্বন্তরে না খেতে পেয়ে বা অখাদ্য-কুখাদ্য খেয়ে লক্ষ লক্ষ মানুষ মারা যাচ্ছে।<br>• প্রতিটি মানুষের খাদ্য-বস্ত্র-বাসস্থানের মৌলিক অধিকার সংবিধান স্বীকৃত – অস্তিত্বরক্ষার অধিকারও স্বতঃসিদ্ধ।<br>• প্রতিটি বিপন্ন মানুষ যদি অধিকার সচেতন হয়ে নিজেদের প্রাপ্যটুকু আদায় করে নিতে পারতো অর্থাৎ 'স্বার্থপর' হতে পারত তাহলে হয়তো নিজেদের বাঁচাতে পারত।<br>(নিজের ভাষায় গুছিয়ে লিখতে পারলে 2 নম্বর পাবে) | 2 |

| Q.No. | | Expected Answers / Value Points | Distribution of Marks |
|---|---|---|---|
| | | | |
| Q.9. | | উত্তর সংকেত :<br><u>গদ্য থেকে উদ্ধৃতি তুলে প্রশ্ন</u> (অথবা যুক্ত)<br>"এইবার গুছিয়ে ভাবতে হচ্ছে"-<br>কে ভাববে ----- উচ্ছব [1 নম্বর]<br>কীঃ [2 নম্বর]<br>• সতীশবাবুর ক্ষেতে সারা বছর কাজ করে উচ্ছব --- সে লক্ষ্য করেছিল কার্তিক মাসে জমির সব ধান সতেজতা হারিয়ে খড় হয়ে গিয়েছে।<br>• ধানে মড়ক লাগায় কান্না ধরে রাখতে পারে না উচ্ছব – সাধনবাবুর কথার উত্তরে আগামী দিনের অনিশ্চয়তা নিয়ে তার ব্যাকুলতা প্রকাশ পায়।<br>• গুছিয়ে চিন্তা করতে গেলে তার মনে হয়, প্রাকৃতিক দুর্যোগপূর্ণ রাত আর সেই সন্ধ্যায় গ্রামের সকলে মিলে অনেক দিন পর পেট ভরে খাবার কথা, স্ত্রীর সঙ্গে কথোপকথন, তারপর মাতলার প্রবল জলোচ্ছ্বাসে সংসার ভেসে যাওয়ার কথা।<br><u>অথবা</u><br>"হঠাৎ বিকেলে অদ্ভুত দৃশ্য দেখা গেল"-<br>দৃশ্যঃ<br>• সৈয়দ মুস্তাফা সিরাজ রচিত 'ভারতবর্ষ' গল্পে পৌষের অকাল দুর্যোগের পরদিন সকালে গ্রামে বটতলায় মৃতা বুড়ির শবদেহটি নিয়ে হিন্দুরা মাঠ পেরিয়ে দু'মাইল দূরে নদীর চড়ায় ফেলে আসে।<br>• সেদিন বিকেলে দেখা যায় কয়েকজন মুসলমান চ্যাংদোলা ক'রে সেই মৃতদেহই আরবী মন্ত্র পড়তে পড়তে আবার বাজারে নিয়ে আসছে।<br>• বুড়ির ধর্মীয় পরিচয় নিয়ে হিন্দু মুসলমান উভয় সম্প্রদায়ের মানুষের মধ্যে তর্কাতর্কি বেধে যায়।<br>(সব'কটি তথ্য নিজের ভাষায় গুছিয়ে লিখতে পারলে 3 নম্বর পাবে) | 3 |

| Q.No. | Expected Answers / Value Points | | Distribution of Marks |
|---|---|---|---|
| | | | |
| Q.10. | | প্রসঙ্গসহ ব্যাখ্যা (অথবা যুক্ত)<br>মূল্যায়ন নীতি-<br>• উৎস--- সূত্র নির্ভুল থাকলেই 1 নম্বর<br>• প্রসঙ্গ যথাযথ উল্লেখ করলে 1 নম্বর<br>• ব্যাখ্যা এবং উপস্থাপনার মান অনুযায়ী- 1 থেকে 3 নম্বর দেওয়া যাবে।<br>উত্তর সংকেত :<br>"মৃত্যুতে সকল দেনা শোধ করে দিতে"-<br>উৎসঃ কবিতা – 'রূপনারানের কূলে'/ কবি -- রবীন্দ্রনাথ ঠাকুর<br>[1 নম্বর]<br>প্রসঙ্গঃ জীবনের উপান্তে পৌঁছে চেতনার পূর্ণ বিকাশ ঘটেছে কবির – নিরন্তর আঘাতে-বেদনায় ক্ষতবিক্ষত কবির দার্শনিক চেতনাসঞ্জাত উপলব্ধি প্রসঙ্গে... [1 নম্বর]<br>ব্যাখ্যাঃ<br>• রূপময় মর্ত্যপৃথিবীর টানে কবিচেতনার পূর্ণ বিকাশ ঘটেছে।<br>• সত্যের কঠিন দ্বন্দ্বমুখর রূপ-কে স্বেচ্ছায় স্বীকার করেই আমৃত্যু দুঃখের তপস্যা তাঁর।<br>• আঘাত ও বেদনাকে সহ্য করেও সত্যের দিকে এগিয়ে চলাই জীবনের ধর্ম – তাই সত্যের মূল্যে জীবনের দাবি পূরণ করার কথাই বলেছেন কবি।<br>(নিজের ভাষায় গুছিয়ে লিখলে 2 থেকে 3 নম্বর পাবে)<br>অথবা<br>"নিহত ভাইয়ের শবদেহ দেখে<br>নাই যদি হয় ক্রোধ।"<br>উৎসঃ কবিতা --- 'ক্রন্দনরতা জননীর পাশে' ; কবি --- মৃদুল দাশগুপ্ত<br>[1 নম্বর]<br>প্রসঙ্গঃ এক অস্থির অশান্ত সময়পর্বে সাহিত্য-সঙ্গীত-শিল্প সৃষ্টি নিয়ে দ্বিধান্বিত কবি – সমানে ঘটে চলা একের পর এক নারকীয় ঘটনায় ব্যথিত, ক্ষুব্ধ কবিমন – তারই প্রতিক্রিয়া প্রসঙ্গে।<br>[1 নম্বর]<br>ব্যাখ্যাঃ | **5x1=5** |

| | | | |
|---|---|---|---|
| | | • কবির চেতনা জুড়ে থাকে তাঁর স্বদেশ, যেখানে প্রতি পদক্ষেপে অন্যায়, অপশাসন আর সামাজিক অবক্ষয়ের জ্বলন্ত ছবি<br>• গণআন্দোলনে নিহত ভ্রাতৃসম সহনাগরিকের শবদেহ দেখে জাগ্রত হয় প্রতিবাদী সত্তা<br>• অস্থির সময়পর্বে দেশের বিপন্নতায় ক্রোধের জন্ম হওয়া আবশ্যিক<br>• ভালোবাসা, সামাজিক দায়বদ্ধতা ও মূল্যবোধের জন্য অনিবার্য হয়ে ওঠে সমষ্টিগত ও ব্যষ্টিগত প্রতিবাদ।<br>(নিজের ভাষায় গুছিয়ে লিখতে পারলে 2 থেকে 3 নম্বর পাবে) | |

| Q.No. | Expected Answers / Value Points | | Distribution of Marks |
|---|---|---|---|
| | | | |
| Q.11. | | <u>কবিতা থেকে উদ্ধৃতি তুলে প্রশ্ন</u> (অথবা যুক্ত)<br>"আমি তা পারি না"--<br>a) কোন্ বার্তাঃ<br>• সৃজনশীল কবি-সাহিত্যিক-শিল্পীরা যে কোনও অন্যায়ের বিরুদ্ধে অন্যতম প্রতিবাদী মুখ।<br>• 'ক্রন্দনরতা জননীর পাশে' কবিতায় সমাজসচেতন কবি মৃদুল দাশগুপ্ত সমকালীন সামাজিক অবক্ষয়, অসাম্য, নারকীয় হত্যাকাণ্ড, নারীত্বের অবমাননা দেখে নির্লিপ্ত, নিশ্চেষ্ট হয়ে থাকতে পারেন না।<br>• বিনাশী সময়ে আকাশের দিকে তাকিয়ে বিধির বিচার চাওয়া অর্থহীন।<br>• তাই নিজের ক্রোধ, বিবেক, প্রতিবাদকে বারুদের মতো মজুত করার বার্তা দেন সকলকে ----- বিস্ফোরণের প্রাক্ প্রস্তুতি হিসেবে।<br>(নিজের ভাষায় গুছিয়ে লিখতে পারলে 2 থেকে 3 নম্বর পাবে)<br><u>অথবা</u><br>"ঐ সবুজের ভীষণ দরকার"-<br>a) কেনঃ<br>• মাত্রাহীন নগরায়নের অতি বিস্তারের ফলে সবুজের বিনষ্টি – শহুরে কাঠিন্য আর রুক্ষতায় অন্তরও যেন মরুময়। | 3 |

| | | | |
|---|---|---|---|
| | | • শারীরিক, মানসিক প্রশান্তির অভাবে নষ্ট হতে বসেছে সুকোমল বৃত্তিও।<br>• ‘আমি দেখি’ কবিতায় তাই নাগরিক জীবনের যান্ত্রিকতায় ক্লিষ্ট কবি শক্তি চট্টোপাধ্যায় আরোগ্যের জন্য, সর্বাঙ্গীন শুশ্রূষার জন্য, মানসিক আশ্রয় হয়ে ওঠার জন্য, চেতনার সজীবতার জন্য ‘সবুজের দরকার’ বলে মনে করেছেন।<br>(নিজের ভাষায় গুছিয়ে লিখতে পারলে 2 থেকে 3 নম্বর পাবে) | |

| Q.No. | Expected Answers / Value Points | | Distribution of Marks |
|---|---|---|---|
| | | | |
| Q.12. (I) | | <u>আন্তর্জাতিক কবিতা থেকে লাইন তুলে প্রশ্ন</u> (অথবা যুক্ত)<br>“রাজারা কি পাথর ঘাড়ে করে আনত?”<br>a) শ্রেণি-<br>• বের্টোল্ট ব্রেখট রচিত ও শঙ্খ ঘোষ অনুদিত ‘পড়তে জানে এমন এক মজুরের প্রশ্ন’ কবিতায় সাম্রাজ্যবাদী শাসকশ্রেণি তথা ক্ষমতাবান মানুষ যারা প্রধানত ইতিহাসকে নিয়ন্ত্রণ করে সেই শ্রেণির কথা। [1 নম্বর]<br>• রাজার নামঃ আলেকজাণ্ডার/ জুলিয়াস সিজার/ দ্বিতীয় ফ্রেডারিক/ স্পেনের ফিলিপ – যে কোনও একজনের নাম লিখতে হবে। [1 নম্বর]<br>b) কবির বক্তব্যঃ<br>• সভ্যতার ইতিহাসে রাজাদের বা ক্ষমতাবানদের কীর্তিই শুধু স্থান পায় – শ্রমজীবী মানুষের কথা সেখানে অনুল্লিখিত।<br>• সাত দরজাওয়ালা থিবসের জন্য জগৎজোড়া খ্যাতির অধিকারী হয়েছেন নির্মাতা রাজারা কিন্তু প্রথাগত ইতিহাসে আড়ালে থেকে গেছে নির্মাণকাজে যুক্ত শ্রমিকেরা।<br>• বিশ্বের কোনও মহান কীর্তিই কারো একক শ্রম-সাধনায় গড়ে ওঠেনি কিন্তু ইতিহাস শুধু সাম্রাজ্যবাদী শক্তির জয়গানেই মুখর ----- নেপথ্যে থাকা অগণন শ্রমজীবী মানুষের ঘাম – রক্ত – কান্নার ইতিহাসকে কেউ স্বীকৃতি দেয়নি --- ইতিহাসের এই অনালোচিত অধ্যায়টির প্রতিই ইঙ্গিত করেছেন কবি। | 2+3=5 |

| | | | |
|---|---|---|---|
| (II) | | (নিজের ভাষায় গুছিয়ে লিখতে পারলে 2 থেকে 3 নম্বর পাবে)<br>অথবা<br>“কত সব খবর কত সব প্রশ্ন”-<br>a) বের্টোল্ট ব্রেখটের ‘পড়তে জানে এমন এক মজুরের প্রশ্ন’ কবিতা। [1 নম্বর]<br>b) বিশ্ব ইতিহাসে ন্যায়-অন্যায়, প্রাপ্তি-বঞ্চনা, এবং তাকে কেন্দ্র করে শিক্ষিত চেতনার উদ্যত প্রশ্ন তথা সাম্রাজ্যবাদী রাজশক্তির বিজয়গাথাকে ‘খবর’ বলা হয়েছে। [1 নম্বর]<br>c) কেনঃ<br>• পৃথিবীর ইতিহাসে কীর্তিমান স্থপতিদের নামের পাশাপাশি তাদের কীর্তি নির্মাণের সঙ্গে যুক্ত অযুত সংখ্যক শ্রমিকের অবদানের কথা মানুষের অজানা থেকে যায়।<br>• তাদের প্রতি ইতিহাসের এই আশ্চর্য নির্লিপ্ততা দেখে কবি এক শিক্ষিত শ্রমিকের বয়ান তথা প্রশ্নবাণের মধ্য দিয়ে সমাজ ও সময়কে বিদ্ধ করতে চেয়েছেন।<br>• তাই প্রথাগত ইতিহাসের অন্যায় পক্ষপাতদুষ্ট এই নির্মম সত্যকে যেন বহুবিধ প্রশ্নের মাধ্যমে উদ্ঘাটিত করতে চেয়েছেন কবি।<br>(নিজের ভাষায় গুছিয়ে লিখতে পারলে 2 থেকে 3 নম্বর পাবে) | |

| Q.No. | Expected Answers / Value Points | | Distribution of Marks |
|---|---|---|---|
| | | | |
| Q.13.<br>(I) | | নাটক থেকে উদ্ধৃতি তুলে প্রশ্ন (অথবা যুক্ত প্রশ্ন)<br>“এক-পা এক-পা করে এগিয়ে চলেছে মৃত্যুর দিকে--আর জীবনে ভোর নেই, সকাল নেই, দুপুর নেই-সন্ধ্যে ও ফুরিয়েছে-এখন শুধু মাঝ রাত্তিরের অপেক্ষা।”<br>a) প্রসঙ্গঃ<br>• অজিতেশ বন্দ্যোপাধ্যায় রচিত ‘নানা রঙের দিন’ নাটকে বৃদ্ধ পেশাদারী অভিনেতা রজনীকান্ত চট্টোপাধ্যায়/ রজনী চাটুজ্যে মাঝরাতে জনহীন থিয়েটার হলের ফাঁকা স্টেজে দাঁড়িয়ে অদ্ভুত একাকীত্ব আর হতাশাবোধে আক্রান্ত হন।<br>• উপলব্ধি করেন নিশ্চিত মৃত্যুর দিকে এগিয়ে চলেছেন -----জীবনকে | 2+3=5 |

| | | | |
|---|---|---|---|
| | | ঘিরে থাকা শূন্যতাবোধ, অস্থিরতা আর আশঙ্কা প্রসঙ্গে।<br>b) কখন, কেনঃ<br>• নেশাগ্রস্ত রজনী গ্রীনরুমে ঘুমিয়ে পড়েছিলেন – ঘুম ভাঙার পর ফাঁকা মঞ্চে এসে নিজের মুখোমুখি দাঁড়িয়ে স্বগতোক্তি করাকালীন এই কথাগুলি বলেছিলেন।<br>• রজনী চাটুজ্যে উপলব্ধি করেন জীবনের শ্রেষ্ঠ সময় অতিক্রান্ত ; চেহারায় পূর্বের জৌলুস ফিরে পাওয়া অসম্ভব।<br>• প্রকৃতির নিয়মে সকাল, দুপুর, সন্ধ্যার যেমন আলাদা বর্ণবিভা, অভিনেতার জীবনেও তেমনি আগমন,উত্থান,খ্যাতির মধ্যগগন থাকে।<br>• জাগতিক নিয়মে আসে বার্ধক্য --- শক্তি, সামর্থ্য, অভিনয়ক্ষমতা হ্রাস পাওয়ার ফলে গ্রহণযোগ্যতাও কমে --- শূন্যতা ও হতাশাবোধে আক্রান্ত অভিনেতার তখন শুধুই মৃত্যুর অপেক্ষা --- নিঃসঙ্গ, নির্বান্ধব রজনীরও সেই উপলব্ধি।<br>(নিজের ভাষায় গুছিয়ে লিখতে পারলে 2 থেকে 3 নম্বর পাবে)<br>অথবা<br>“ও শুধু আমাকে আলমগিরের পার্ট করতে দেখেছিল, আর কিছু নয়”-<br>a) কে: উচ্চবিত্ত পরিবারের এক সুন্দরী মেয়ে পেশাদারী থিয়েটারের অভিনেতা রজনীকান্ত চট্টোপাধ্যায়কে এই পার্ট করতে দেখেছিল। [1 নম্বর]<br>কাকে-- কালীনাথকে [1 নম্বর]<br>b) প্রসঙ্গঃ<br>• নাট্যশিল্পে নিবেদিতপ্রাণ রজনীকান্ত থিয়েটারের জন্য চাকরি, নারী সবকিছুকে বর্জন করেছিলেন।<br>• নির্জন থিয়েটারে ফাঁকা মঞ্চে প্রম্পটার কালীনাথের সঙ্গে স্মৃতি রোমন্থন করতে করতে রজনীকান্ত তাঁর জীবনের সেই নারীর প্রসঙ্গ উত্থাপন করেছিলেন।<br>• আলমগিরের ভূমিকায় রজনীকান্তকে অভিনয় করতে দেখে মেয়েটি তাঁর প্রতি তীব্র ভাবে অনুরক্ত হয়—যদিও সেই অনুরাগ বা প্রেম, বিবাহে পরিণতি পায়নি।<br>• যৌবন পর্বের সেই দুর্বার আবেগের কথা প্রসঙ্গে স্মৃতিভারাতুর হয়ে উঠেছিলেন তিনি।<br>(নিজের ভাষায় গুছিয়ে লিখতে পারলে 2 থেকে 3 নম্বর পাবে) | |

| Q.No. | Expected Answers / Value Points | | Distribution of Marks |
|---|---|---|---|
| | | | |
| Q.14.(I) | | "আমার বাংলা" থেকে উদ্ধৃতি তুলে প্রশ্ন (অথবা যুক্ত)<br>" হঠাৎ মহাজন যেন করুণার অবতার হয়ে উঠল"<br>a) কে, কার কাছে : 'ছাতির বদলে হাতি' রচনায় গারো চাষী চেংমানের প্রতি মনমোহন মহাজন করুণার অবতার হয়ে উঠেছিলেন।<br>b) -- অন্তর্নিহিত অর্থ<br>• হালুয়াঘাট বন্দরে সওদা করতে আসা গারো চাষী চেংমান প্রবল ঝড়-বৃষ্টিতে মনমোহন মহাজনের দোকানে আশ্রয় নেয়।<br>• মহাজন দয়াপরবশ হয়ে কলকাতা থেকে কেনা তাঁর নতুন ছাতাটি দিয়ে তার উপকার করে।<br>• অন্যায় ভাবে সাধারণ মানুষকে প্রতারিত ক'রে মহাজনরা অর্থ আদায় করে; তাদেরই একজনের এই বিপরীতধর্মী আচরণ দেখে ব্যঙ্গার্থে এই শব্দবন্ধের প্রয়োগ।<br>(বই-এর বর্ণনা অনুযায়ী তথ্যগুলি ঠিক মতো লিখতে পারলেই পুরো 3 নম্বর পাবে)<br>অথবা | 2+3=5 |
| Q.14.(II) | | 'দেশকে ভালোবাসা ছাড়া কোনও অপরাধই যাদের বিরুদ্ধে প্রমাণ হয়নি, আজও তাদের স্থান বক্সায়' -----<br>a) কাদের কথা --'মেঘের গায়ে জেলখানা' রচনায় স্বাধীনতার পরেও বক্সার কারাপ্রাচীরের অন্ধকারে থাকা বন্দীদের কথা...দেশকে ভালোবাসা ছাড়া যাদের বিরুদ্ধে আর কোনও অপরাধ প্রমাণিত হয়নি। [ 2 নম্বর]<br>b) কেন –<br>• দেশের জন্য নিবেদিতপ্রাণ কিছু মানুষ যারা স্বাধীনতাপরবর্তী সময়েও বক্সার কারাভ্যন্তরে রয়ে গেছেন স্বাধীন দেশের সরকারের নির্লিপ্ততায় , তাদের দেখে লেখক বেদনা অনুভব করেছেন।<br>• প্রচলিত প্রথা, সামাজিক অসাম্য ও অন্যায়ের বিরুদ্ধে প্রতিবাদী হবার কারণে শ্রমিক, মজুর, কৃষকদের প্রতিনিধি নেতা-কর্মীরা বক্সার জেলে বন্দী ।<br>• দেশের প্রতি নিঃস্বার্থ ভালোবাসার শাস্তিস্বরূপ হয়ত তাদের এই চরম পরিণতি ---- সেই কারনেই ভূটান পাহাড়ের ওই বিশেষ | |

| | | | |
|---|---|---|---|
| | | জেলখানায় তাদের এই বন্দীদশা।<br>(বই-এর বর্ণনা অনুযায়ী তথ্যগুলি ঠিক মতো লিখতে পারলে পুরো 3 নম্বর পাবে) | |
| Q.No. | Expected Answers / Value Points | | Distribution of Marks |
| | | | |
| Q.15. | | • ‘পাতালপুরীর রাজ্যে’ রচনায় কয়লাখনি এলাকায় শ্রমিকবস্তির দুঃসহ অবস্থার কথা বর্ণিত।<br>• বিশ-বাইশ বছরের মেয়েটি আট ঘণ্টা এক নাগাড়ে খনির ভিতর অমানুষিক পরিশ্রমের পর বাইরে আসে।<br>• জলের অপ্রতুলতার কারণে ছোটভাই জল ধরে রাখতে পারেনি, তাই বিনা স্নানে সেই সন্ধ্যাতেই তাকে আবার কয়লা মাখা শরীরেই খাদে নামতে হয়।<br>অথবা<br>গারোদের ঘর গেরস্থালির পরিচয়ঃ<br>• গারো পাহাড়ে বসবাসকারী গারোদের বাসস্থান দূর থেকে দেখলেই চেনা যায়।<br>• ঘরের মধ্যে তারা মাচা বেঁধে রাখে এবং সেখানেই তাদের রান্নাবান্না, খাওয়া-দাওয়ার প্রাত্যহিকী।<br>• জন্তু-জানোয়ারদের ভয়ে পোষ্যসহ মাচার ওপরেই তারা সংসার পাতে।<br>(বই-এর বর্ণনা অনুযায়ী তথ্যগুলি ঠিক মতো লিখতে পারলে পুরো 2 নম্বর পাবে) | 2 |

Section- C (Creative Writing)

| Q.No. | Expected Answers / Value Points | | Distribution of Marks |
|---|---|---|---|
| | | | |
| Q.16. | | প্রতিবেদন পড়ে প্রশ্নোত্তর (তিনটি প্রশ্ন)<br>a) শিরোনাম - প্রতিবেদনের মূল বিষয়টি কয়েকটি শব্দের মধ্যে উল্লেখ করতে পারলে (1) নম্বর দেওয়া যেতে পারে।<br>b) জঙ্গল কেটে ফেলা হচ্ছে, জলা বোজানো হচ্ছে। তাপমাত্রা বেড়ে সাঁইত্রিশের অনেক ওপরে থাকছে...মানুষের শরীর এর বেশি আর নিতে অপারগ...বাতাসে জলকণার আধিক্যের কারণে ঘর্মাক্ত শরীরে | 1+2+3=6 |

| | | | |
|---|---|---|---|
| | | প্রত্যাশিত শীতলতা না আসায় মৃতের সংখ্যা বাড়ছে......। (এই মর্মে লিখলে 2 নম্বর দেওয়া যেতে পারে।)<br>c) তিন/চারটি সম্পূর্ণ বাক্যে (শব্দ সংখ্যা সীমিত নয়) অনুচ্ছেদটির মূল কথাগুলি লিখতে হবে। [3 নম্বর] | |
| | | | |

| Q.No. | Expected Answers / Value Points | | Distribution of Marks |
|---|---|---|---|
| | | | |
| Q.17. | | বিজ্ঞাপন রচনা –<br>উত্তর সংকেত :<br>• বিষয়ানুগ শিরোনাম ও বক্স নির্মাণ (আবশ্যিক)— [2+1 নম্বর]<br>• মূল বক্তব্য বিষয় ও উপস্থাপনা-- [3 নম্বর]<br>➢ পঞ্চাশটি শব্দের মধ্যে বাক্য/বাক্যাংশ দ্বারা প্রদত্ত বিষয়ের উপর আলোকপাত।<br>➢ বিষয়ানুসারী ঠিকানা ও যোগাযোগের নম্বর উল্লেখ<br>➢ প্রয়োজনে চিত্রের ব্যবহার করা যেতে পারে,তবে তা আবশ্যিক নয়।<br>➢ প্রয়োজনে কাল্পনিক নাম ব্যবহার করতে হবে।<br>(বিজ্ঞাপন রচনায় পরীক্ষার্থী নিজের প্রকৃত নাম, ঠিকানা ও বিদ্যালয়ের নাম ব্যবহার করতে পারবে না।) | 6 |